

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেশনবাগিচা, ঢাকা-১০০০
Website : www.dnc.gov.bd

নম্বর- ৫৮.০২.০০০০.০০৬.১৯.৭০৩.২১-৫৩৫৫

০৭ পৌষ, ১৪২৮
তারিখ : -----


২২ ডিসেম্বর, ২০২১

অফিস আদেশ

পুনরাদেশ না দেয়া পর্যন্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে উল্লেখিত স্থান ও পদে বদলি পূর্বক পদায়ন করা হলো:

| ক্র: | নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | পদবী ও বর্তমান কর্মস্থল | পদবী ও বদলিকৃত কর্মস্থল |
|------|--|--|---|
| ১. | জনাব মো: কাওসারুল হাসান রনি পরিচিতি নং- ১৩০৮৯ নিজ জেলা- ময়মনসিংহ। | সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা) প্রধান কার্যালয়, ঢাকা। | সহকারী পরিচালক জেলা কার্যালয়, শেরপুর (সংযুক্ত: বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ)। |
| ২. | জনাব মো: আব্দুল আলিম পরিচিতি নং- ১৩১০০ নিজ জেলা- ঝালকাঠি। | সহকারী পরিচালক জেলা কার্যালয়, ভোলা। | সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা) প্রধান কার্যালয়, ঢাকা। |
| ৩. | জনাব মো: আব্দুল হালিম রাজ পরিচিতি নং- ১৩১০৬ নিজ জেলা- সিলেট। | সহকারী পরিচালক প্রধান কার্যালয়, ঢাকা। | সহকারী পরিচালক জেলা কার্যালয়, খাগড়াছড়ি। |

- ০২। জনাব মোহাম্মদ খোরশিদ আলম (পরিচিতি নং-১৭০৩০), উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ময়মনসিংহ নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে জেলা কার্যালয়, শেরপুরের উপপরিচালক পদের দায়িত্ব পালন করবেন।
- ০৩। জনাব মোহাম্মদ মুস্তাফিজুর রহমান (পরিচিতি নং-১৭০৪৪), সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, জামালপুরকে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে জেলা কার্যালয়, শেরপুরের সহকারী পরিচালক পদের দায়িত্ব পালনের জন্য ইতোপূর্বের প্রদত্ত আদেশ এতদ্বারা বাতিল করা হলো।
- ০৪। জনাব মো: ফয়সাল মাহমুদ (পরিচিতি নং-১৩১০৫), সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, বরিশাল নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে জেলা কার্যালয়, ভোলার সহকারী পরিচালক পদের দায়িত্ব পালন করবেন।
- ০৫। সহকারী পরিচালক জনাব মো: আব্দুল হালিম রাজ নবনিয়োগপ্রাপ্ত হয়ে গত ১৮ নভেম্বর, ২০২১ তারিখ পূর্বাফে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগে যোগদান করেন। তৎপক্ষে সুরক্ষা সেবা বিভাগের নির্দেশনা অনুযায়ী তিনি গত ২৩ নভেম্বর, ২০২১ তারিখ অপরাফে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকায় যোগদান করেন। অধিদপ্তর হতে অদ্যাবধি তাকে কোন বেতন-ভাতাদি প্রদান করা হয়নি।
- ০৬। জনাব মোহাম্মদ আব্দুল হামিদ (পরিচিতি নং-২২০০৯), সহকারী পরিচালক (ভারপ্রাপ্ত), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ফেনীকে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে জেলা কার্যালয়, খাগড়াছড়ির সহকারী পরিচালক পদের দায়িত্ব পালনের জন্য ইতোপূর্বের প্রদত্ত আদেশ এতদ্বারা বাতিল করা হলো।
- ০৭। বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত উপরে বর্ণিত কর্মকর্তাগণকে আগামী ২৬ ডিসেম্বর, ২০২১ তারিখের মধ্যে বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত করতে অনুরোধ করা হলো। অন্যথায় আগামী ২৭ ডিসেম্বর, ২০২১ তারিখ হতে বর্তমান কর্মস্থল থেকে তৎক্ষণিকভাবে অবমুক্ত বলে গণ্য হবেন।
- ০৮। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।


(কাজী আবেদ হোসেন)
পরিচালক(প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
মহাপরিচালকের পক্ষে।

০৭ পৌষ, ১৪২৮


তারিখ : -----

২২ ডিসেম্বর, ২০২১

নম্বর- ৫৮.০২.০০০০.০০৬.১৯.৭০৩.২১- ৫৩৫৫

সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক(প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
২. চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
৩. প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেভারিয়া, ঢাকা।
৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/ সিলেট/রংপুর/ময়মনসিংহ/ গোয়েন্দা শাখা, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/মেট্রোঃ কার্যালয়(উত্তর/দক্ষিণ)/টেকনাফ বিশেষ জোন/জেলা কার্যালয়,-----।
৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,-----।
৯. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. জনাব----- সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/জেলা কার্যালয়,-----।
১১. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. অফিস কপি/গার্ড ফাইল।



(কাজী আবেদ হোসেন)

পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)